



জেনে নিন বয়োজ্যেষ্ঠদের প্রতি নিপীড়ণ কীভাবে হয়?

বৃদ্ধদের উপর নিপীড়ণ বিভিন্ন কারণে হতে পারে। যেমন;

- তাঁদের আবাসন ব্যবস্থার ধরনের কারণে (একাকী বসবাস বা কোন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় বসবাস অথবা তারা যাদের উপর নির্ভরশীল যেমন পরিবারের কোন সদস্য বা সেবাদানকারী) ইত্যাদি কারণে
- নিজের প্রতি উপেক্ষা ও অসচেতনতার মাধ্যমে নিপীড়ণ।

ক্ষমতার অপব্যবহার বা বিশ্বাস ভঙ্গের মাধ্যমে নিপীড়ণের ঘটনা ঘটে থাকে।

নিপীড়ণকারীরা বয়োজ্যেষ্ঠদের ক্ষমতা ছিনিয়ে নেয়া বা তাঁদের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠায় নানা কুটকৌশল গ্রহণ করতে পারেন। এই নিপীড়ণ একবার, দু'বার, বা মাসের পর মাস বা বছরের পর বছর চলতে পারে। নিপীড়ণ নানা ভাবে ঘটে থাকে, যার চেহারা চরিত্র সময়ের সাথে পরিবর্তন হতে পারে।

মানসিক নিপীড়ণ

যে আচড়ন বয়োজ্যেষ্ঠদের অসম্মানজনক এবং অমানবিক অবস্থার সৃষ্টি করে তাকে *মানসিক নিপীড়ণ* বলা যেতে পারে। যেমন;

- উদেশ্যমূলকভাবে বিভিন্ন ধরনের হুমকী দেয়া
- খাবার ও সেবা বন্ধ করে দেবার হুমকী
- মিথ্যা তথ্য দেয়া

- তাঁদের বিরুদ্ধে নিপীড়ণের অভিযোগ উপেক্ষা করা
- উপেক্ষা করা বা অতিরিক্ত তিরস্কার, পরিহাস বা গালাগাল করা
- অভিশাপ দেয়া এবং খাটো করা
- সামাজিকভাবে বিচ্ছিন্ন করে ফেলা
- কোন জরুরী সংবাদ যা তাঁদের জানার অধিকার রয়েছে তা গোপন করা

আর্থিক নিপীড়ণ বলতে বয়োজ্যেষ্ঠদের সম্পদ/সম্পত্তি তাঁদের কল্যাণে ব্যবহার না করা বা তা অন্যায়াভাবে ভোগ করাকে বুঝায়। যেমন;


- টাকা পয়সা, পেনশনের চেক বা অন্য কোন আর্থিক সম্পদ চুরি করা
- বাড়ি বা অন্য কোন সম্পত্তি অনুমতি ছাড়া বিক্রি করে দেয়া
- পাওয়ার-অব-এটর্নির অপব্যবহার করা
- পেনশনের আয়কে ভোগ করার হীন উদ্যেশ্যে তাঁদেরকে দীর্ঘ-মেয়াদী কেয়ার সেন্টারে যেতে না দেয়া
- ধার নেয়া অর্থ সময়মতো ফেরত না দেয়া
- অনুমতি ছাড়া চিঠি খোলা

শারীরিক নিপীড়ণ বলতে সরাসরিভাবে শারীরিক আঘাত করা এবং যে কোন ধরনের হিংস্র বা আক্রমণাত্মক আচরণকেই বুঝায়। যেমন;

- প্রহার করা, পুড়িয়ে বা ঝলসে দেয়া, ধাক্কা দেয়া বা আঘাত করা, খুতু দেয়া ইত্যাদি
- ফার্নিচারের সাথে বেঁধে রাখা
- শারীরিকভাবে নিয়ন্ত্রণ করা (বিছানায় বা চেয়ারে জোড় করে বসিয়ে রাখা বা ঘরের মধ্যে আটকে রাখা)
- ঔষধ, মদ বা ঘুমের ঔষধ দিয়ে তাঁদেরকে শারীরিকভাবে দমন করে রাখা
- অপ্রয়োজনীয় বা আতংক সৃষ্টিকারী চিকিৎসা প্রদান করা বা বেশী মাত্রায় বা ভুল ঔষধ দেয়া
- ঔষধ প্রত্যাহার করা

শারীরিক ভাবে অক্ষম বৃদ্ধ যাঁদের চিকিৎসা বা অন্য কোন সেবার প্রয়োজন হয় তাঁদের নিপীড়ণের শিকার হবার সম্ভাবনা বেশী। সেই ক্ষেত্রে বৃদ্ধরা স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হতে পারেন।

যৌন নিপীড়ণ বলতে বৃদ্ধদের সাথে তাঁদের অনুমতি বা অজ্ঞাতে যৌন আচরণ করাকে বুঝায়।

 **home of counseling, training & research**

House 34, Unit 603, Road 9A, Dhanmondi
Dhaka-1209
Telephone: 88-01910644394
Email: info@nirnoy-counseling-tr-bd.org
Website: www.nirnoy-counseling-tr-bd.org